

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১১৭৬

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ স্ত্রী মিলনের পর বীর্যপাত না হলে গোসল ওয়াজিব না হওয়া বিধানটি ইসলামের প্রথম যুগে ছিল, পরবর্তীতে গোসল করার নির্দেশ দেওয়া হয়

ذَكَرُ الْبَيَّانِ بَأَنَّ تَرَكَ الْاِغْتِسَالَ مِنَ الْاِكْسَالِ كَانَ ذَلِكَ فِي أَوَّلِ الْإِسْلَامِ ثُمَّ أُمِرَ بِالْاِغْتِسَالِ مِنْهُ  
بَعْدُ

আরবী

1176 - أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سَفْيَانَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مِهْرَانَ الْجَمَّالُ قَالَ: حَدَّثَنَا مُبَشِّرُ بْنُ إِسْمَاعِيلَ عَنْ مُحَمَّدِ بْنِ مُطَرِّفٍ أَبِي غَسَّانَ عَنْ أَبِي حَازِمٍ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: حَدَّثَنِي أَبِي أَنَّ الْفُتْيَا الَّذِي كَانُوا يُفْتُونَ: أَنَّ الْمَاءَ مِنَ الْمَاءِ كَانَ رُخْصَةً رَخَّصَهَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي أَوَّلِ الزَّمَانِ أَوْ بَدَأَ الْإِسْلَامِ ثُمَّ أُمِرَ بِالْاِغْتِسَالِ بَعْدُ.  
الراوي : سَهْلُ بْنُ سَعْدٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :  
التعليقات الحسان على صحيح ابن حبان  
الصفحة أو الرقم: 1176 | خلاصة حكم المحدث: صحيح.  
قَالَ أَبُو حَاتِمٍ: يُشَبِّهُ أَنْ يَكُونَ أَبِيُّ بْنُ كَعْبٍ أَدَّى نَسَخَ هَذَا الْفِعْلِ عَلَى مَا أَخْبَرَ سَهْلُ بْنُ سَعْدٍ عَنْهُ ثُمَّ نَسِيَهُ وَأَفْتَى بِالْفِعْلِ الْأَوَّلِ الَّذِي هُوَ مَنْسُوخٌ عَلَى مَا أَخْبَرَ عَنْهُ زَيْدُ بْنُ خَالِدٍ الْجُهَنِيِّ.

বাংলা

১১৭৬. সাহল বিন সা'দ রাঈয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “উবাই রাঈয়াল্লাহু আনহু আমাকে হাদীস বর্ণনা করেছেন, “সাহাবীগণ এই ফাতাওয়া দিতেন যে, বীর্যপাতের কারণে গোসল আবশ্যিক হয়। এটি ছিল অবকাশ, যা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রথম সময়ে অথবা ইসলামের প্রথম দিকে অবকাশ দিয়েছিলেন। পরবর্তীতে তিনি গোসল করার নির্দেশ করেছেন।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাল্লাহু বলেন, “হতে পারে উবাই বিন কা'ব রাঈয়াল্লাহু আনহু রহিত হওয়ার

কর্মটি বর্ণনা করেছেন, যা তাঁর থেকে সাহল বিন সা'দ রাদিয়াল্লাহু আনহু বর্ণনা করেছেন, তারপর তিনি সেটি ভুলে যান এবং ইসলামের প্রথম যুগের বিধান অনুসারে ফাতাওয়া দেন যা রহিত হয়ে গেছে। তাঁর পরবর্তী এই ফাতাওয়াটি তাঁর থেকে বর্ণনা করেছেন যাইদ বিন খালিদ আল জুহানী।”

## ফুটনোট

[1] আবু দাউদ: ২১৫; দারাকুতনী: ১/১২৬; সুনান বাইহাকী: ১/১৬৬; দারেমী: ১/১৯৪; তাবারানী: ৫৩৮; মুসনাদ আহমাদ: ৫/১১৫; তিরমিযী: ১১০; সহীহ ইবনু খুযাইমাহ: ২২৫; সুনান বাইহাকী: ১/১৬৫; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৩৫; ইবনু মাজাহ: ৬০৯; ইবনুল জারুদ: ৯১; দারেমী: ১/১৯৪; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৫৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২০৯।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90489>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন